**সুরের সমন্বয়**
**প্রত্যেকের একটা কণ্ঠস্বর আছে**
**প্রেস নোট - ৪ ফেব্রুয়ারি ২৬, ২০২৩ খ্রিস্টাব্দ**

সিনোডালিটি নিয়ে এশিয়ান মহাদেশীয় সম্মেলনের আজ তৃতীয় এবং শেষ দিন, আগের দুই দিনের মতোই পবিত্র আত্মার কাছে 'অ্যাডসুমাস স্যাংক্টে স্পিরিটাস' প্রার্থনার মাধ্যমে শুরু হয়েছিল।

আজকের বিশেষ দিনের অনুষ্ঠান মালার জন্য অধিবেশন প্রদানকারীরা ছিলেন বিশপ পাবলো ডেভিড, কালুকানের বিশপ, ফিলিপাইনের ক্যাথলিক বিশপস সম্মেলনের সভাপতি; মিসেস তেরেসা উ, চিনের আঞ্চলিক বিশপস কনফারেন্স থেকে; এবং মিসেস ইস্টেলা প্যাডিলা, এফএবিসি অফিস অফ থিওলজিক্যাল কনসার্নস, থিওলজিক্যাল কমিশনের নির্বাহী সচিব এবং এফএবিসি সিনোডাল টাস্ক ফোর্সের সদস্য।

বিশিষ্ট গোষ্ঠীর প্রতিনিধিরা তাদের চিন্তাভাবনা নিজের নিজের দলের সদস্যদের সাথে ২ দিনের সমাবেশের মতামত ভাগ করে নেন যা তাদের হৃদয় ও মনে অনুরণিত হয়েছিল।

লুক্সেমবার্গের আর্চবিশপ জাঁ–ক্লদ কার্ডিনাল হলেরিচ এসজে, এবং বিশপস সিনডের XVI সাধারণ সাধারণ পরিষদের রিলেটার জেনারেল প্রতিনিধিদের উদ্দেশে ভাষণ দেন, তিনি তিনটি বিষয়কে চিহ্নিত করেন। বাদ্যযন্ত্রের উদাহরণ ব্যবহার করে কার্ডিনাল হলেরিচ প্রথমে ব্যাখ্যা করেছিলেন যে কীভাবে প্রতিটি প্রতিনিধিকে একটি সুরের যন্ত্রী হয়ে উঠতে হবে যা থেকে সুরমূর্ছনা বার হবে। সুরের লহরী বা একটি সিম্ফনি তৈরি করতে তাদের ঐক্যবদ্ধভাবে কাজ করা উচিত । এটি বারবার করতে হবে, নিয়মানুবর্তিতার সাথে অন্যদের (যন্ত্রের) সাথে তালে তাল মিলিয়ে, যাতে সেটা এক সুরে বাজে; কোলাহলে পরিণত না হয়। দ্বিতীয়ত, কার্ডিনাল হলেরিচ জোর দেন যে সিনোডালিটির জন্য নম্রতা প্রয়োজন। কেবল নম্রতার মধ্যেই আমরা এই যাত্রায় একসাথে কাজ করতে এবং হাঁটতে পারি। সবশেষে, কার্ডিনাল হলেরিচ জোর দিয়েছিলেন যে একটি সিনোডাল খ্রীষ্টমণ্ডলী যা খ্রিস্টের দ্বারা প্রতিষ্ঠিত, খ্রীষ্টের জীবন বাণী তথা সুসমাচার প্রচার করা এবং ঈশ্বরের সমস্ত লোকেদের নিঃস্বার্থ সেবা করার জন্য তাদের নিযুক্ত করা হয়েছে।

ফাদার ক্ল্যারেন্স দেবদাস, ডিসসারমেন্ট এবং ড্রাফটিং টিমের একজন সদস্য, সংশোধিত খসড়ার বিশেষ কিছু অংশ তুলে ধরেন যা, চূড়ান্ত নথির অন্তর্ভুক্ত করা হবে। সেইসাথে প্রতিনিধিদের দ্বারা প্রস্তাবিত সংশোধনগুলিও সংযোজন করেন।

#SynodBangkok2023

দলগুলোর মধ্যে আধ্যাত্মিক কথোপকথনের প্রস্তুতির জন্য প্রতিনিধিদের নীরবতা বজায় রাখার জন্য আমন্ত্রণ জানান।
বিকেলের অধিবেশনে, প্রতিনিধিরা দুটি প্রশ্নের প্রতিফলন করেছিলেন—এশিয়ার খ্রিষ্টমন্ডলীগুলিকে সিনোডিলিটি মন্ডলীতে রূপান্তরিত করার জন্য কি ধরনের পরিকাঠামো তৈরি করা উচিত বা কি কি পরিবর্তন আনা উচিত এছাড়া প্রতিনিধিরা কি কি পরিবর্তন দেখতে চান অক্টোবর ২০২৩ এবং অক্টোবর ২০২৪ সালের সিনডের সিনোডিলিটি অধিবেশনের মধ্যে। তারপরে প্রতিনিধিরা চূড়ান্ত নথির চূড়ান্ত কাঠামোর বিষয়ে তাদের চূড়ান্ত চিন্তাভাবনা সহভাগীতা করেন এবং কিছুক্ষণ নীরবে প্রার্থনা করেন।
সমাপনী বিবৃতিতে, বিশপদের ধর্মসভার সেক্রেটারি জেনারেল কার্ডিনাল মারিও গ্রেচ তিন দিনব্যাপী এশিয়ান কন্টিনেন্টাল সিনডের বিষয়ে তার মতামত ব্যক্ত করে, প্রতিনিধিদের আশ্বস্ত করেন যে, এই সিনডে তাদের যাত্রা ফলপ্রসূ হবে এবং সারা বিশ্বের খ্রীষ্ট মন্ডলী তাদের অবদানগুলি কখনোই ভুলে যাবে না। 'FABC'-এর মহাসচিব আর্চবিশপ কিকুচি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করেন, এশিয়ান সিনড অনুষ্ঠান সাফল্যমণ্ডিত হয়েছে তা নিশ্চিত করে সকলের প্রতি কৃতজ্ঞতা জ্ঞাপন করেন। ইয়াঙ্গুনের আর্চবিশপ এবং
FABC এর প্রেসিডেন্ট কার্ডিনাল চার্লস মং কার্ডিনাল বো মহা খ্রীষ্টযাগের মধ্য দিয়ে অনুষ্ঠানের সমাপ্তি ঘোষনা করেন; এছাড়া ব্যাংককের কার্ডিনাল জর্জ অ্যালেনচেরির ফ্রান্সিস জেভিয়ার ক্রিয়েংসাক কোভিটভানিট আর্চবিশপ, এর্নাকুলাম-আঙ্গামালি (সাইরো-মালাবার) এর মেজর আর্চবিশপ এবং দক্ষিণ কোরিয়ার সুওনের বিশপ ম্যাথিয়াস রি ইয়ং-হুন (লি ইয়ং-হুন) প্রমুখ এই খ্রীষ্টযাগে অংশগ্রহণ করেন।
কার্ডিনাল বো তাঁর উপদেশে বলেন, এই সিনোডাল যাত্রা কিছুটা যীশুর প্রান্তরে ভ্রমণের ন্যায়, ঝুঁকিপূর্ণ। তবে এটাও প্রয়োজনীয় কারণ এটি খ্রীষ্টমণ্ডলীকে সুসমাচার দেয়। সব রকম ঝুঁকির সম্মুখীন হওয়ার জন্য শ্রবণ ও বিচক্ষণতার প্রক্রিয়ার মধ্যে দিয়ে প্রস্তুত হতে সাহায্য করে।। কার্ডিনাল বো আরও উল্লেখ করেন যে, আমরা যে প্রতিবন্ধকতার সম্মুখীন হয়েছি সেগুলোর প্রতি আমাদের দৃষ্টিভঙ্গির পরিবর্তন প্রয়োজন। তিনি এই মনোভাবগত পরিবর্তনের সংক্ষিপ্ত রূপ হিসাবে ইংরেজি 'লেন্ট' **(L.E.N.T.)** শব্দটির ওপর আলোকপাত করেন:
**L: Letting go** – যেতে দেওয়া – যদি একসাথে এই যাত্রা অর্থবহ হয়, তাহলে আমাদের শিখতে হবে কীভাবে সেই সমস্ত কিছুকে ছেড়ে দেওয়া যায় যা

#SynodBangkok2023

আমাদেরকে সিনোডাল চার্চ হতে বাধা প্রদান করে কারণ পরিত্যাগ হল বৃদ্ধির পূর্ব শর্ত।

**E: Encounter** – সম্মুখীন হওয়া – শিষ্যত্বের পথে যাত্রা করার একটি নির্দিষ্ট লক্ষ্য রয়েছে – খ্রিস্টের সাথে দেখা করার এবং পোপ ফ্রান্সিসের 'সাক্ষাতের সংস্কৃতির' কথা স্মরণে রাখা। যীশু যেমন একটি সহজ উপায়ে কাজ করার আমন্ত্রণ 'জানিয়েছিলেন', শুধুমাত্র দেখা নয়, তাকানো; শুধুমাত্র শ্রবণ নয়, শোনার; শুধুমাত্র লোকেদের পাশ দিয়ে যাওয়া নয়, তাদের সাথে থেমে যাওয়া; শুধুমাত্র "কি লজ্জা, গরীব মানুষ!" না বলা, কিন্তু নিজেকে সমবেদনার সাথে জাগ্রত করা।

**N: Neighbourliness** – প্রতিবেশীতা – একজন ভালো সামরীয়র কাহিনীর পূর্বে প্রশ্ন আছে, 'কে আমার প্রতিবেশী?' (লুক ১০:২৯) শেষ পর্যন্ত তিনিই যিনি করুণা করেছিলেন। এশিয়ায় আমরা সংখ্যালঘু, এবং আমরা সামাজিক, রাজনৈতিক এবং ধর্মীয় উত্তেজনার মধ্যে বাস করি। এইরকম উত্তেজনা থাকা সত্তেও আমরা আহ্বান করেছিলাম আমাদের অভাবী ভাইবোনেদের সাহায্য করার জন্য।

**T: Transformation** – রুপান্তরিতা – কার্ডিনাল বো স্মরণ করেন সাম সঙ্গীত রচয়িতার কথা, "প্রভু, আপনার আত্মা প্রেরণ করুন এবং পৃথিবীকে পুর্ননবীকরণ করুন।" এই সিনোডাল যাত্রায় তিনি বলেন যে পবিত্র আত্মা আমাদের যা বলেছেন তা শোনার জন্য আমাদের আহ্বান জানানো হয়েছে। অতএব যদি আমরা একসঙ্গে পথ চলি এবং খ্রিষ্টমণ্ডলীর একটি পরিবর্তন আনতে চাই তাহলে আমাদের পবিত্র আত্মার রুপান্তকারী শক্তির প্রয়োজন যেমন আমরা নিজেরা কিছুই অর্জন করতে পারি না। আমাদের সর্বদা ঈশ্বরের রুপান্তরিত অনুগ্রহের প্রয়োজন যখন আমরা এই সিনোডাল যাত্রায় একসাথে হাঁটছি 'তাঁকে একাকী সেবা করার' উদ্দেশ্যে।

খ্রিস্টযাগের শেষে দলগুলোর ১২ জন প্রতিনিধিগণ উদযাপনকারীর সামনে সিনোডের সময়কালে উদ্বোধনী খ্রিস্টযাগের মোমবাতি এনে রাখেন যেগুলো ফুলদানীতে রাখা হয়েছিল এই তিন দিনের আলাপআলোচনা এবং রেকর্ডিংয়ের প্রতীকী হিসাবে।

- ফাদার নিখিল গমেজ, ফাদার সৌমিত্র মাখাল, চন্দনা রোজারিও, তেরেসা রোজারিও এবং অতনু দাস।

#SynodBangkok2023